



জগন্নাথ বিশ্ববিদ্যালয়
Jagannath University



বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) এবং জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন শীর্ষক
প্রশিক্ষণ কর্মশালা ২০২২ অনুষ্ঠিত



৬ নভেম্বর ২০২২-রবিবার বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) কমিটি, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের আয়োজনে কেন্দ্রীয় মিলনায়তনে দিনব্যাপী বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) এবং জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন শীর্ষক প্রশিক্ষণ কর্মশালা ২০২২ অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের সদস্য অধ্যাপক ড. মোঃ আবু তাহের।

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য এবং এপিএ কমিটির আহবায়ক অধ্যাপক ড. মো. ইমদাদুল হক এর সভাপতিত্বে বিশেষ অতিথি হিসেবে ছিলেন বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যাপক ড. কামালউদ্দীন আহমদ এবং বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের সচিব ড. ফেরদৌস জামান। প্রশিক্ষণ কর্মশালায় বিভিন্ন অনুষদের ডিন, ইনস্টিটিউটের পরিচালক, বিভিন্ন বিভাগের চেয়ারম্যান, বিভিন্ন দপ্তরের পরিচালক ও এপিএ কমিটির সাথে সংশ্লিষ্ট শিক্ষক-কর্মকর্তাবৃন্দ অংশগ্রহণ করেন।

উল্লেখ্য আজকের প্রশিক্ষণে ইউজিসি'র সদস্য অধ্যাপক ড. মোঃ আবু তাহের 'বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) বাস্তবায়ন ও চ্যালেঞ্জ' শিরোনামে এবং শিক্ষা মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব জনাব মোঃ বেলায়েত হোসেন তালুকদার 'জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন' শিরোনামে বক্তব্য প্রদান করেন। প্রশিক্ষণ কর্মশালাটি সঞ্চালনা করেন বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার প্রকৌশলী মোঃ ওহিদুজ্জামান।